



General Certificate of Education  
Advanced Subsidiary Examination  
June 2015

**Bengali**

**BENG1**

**Unit 1 Reading and Writing**

**Insert**

**Text to be used when answering Section 1**

A

## Text for use with Section 1

## বিভাগ ১

## বেহালার সুর

আমার ডিগ্রী কোর্সের শেষ বছরে মামা অবসর নিয়ে একেবারে দেশে চলে গেলেন। এখানকার দূতাবাসে পঁচিশ বছর ধরে তিনি কাজ করছিলেন। মামাবাড়িতে আর থাকা হলো না। অগত্যা ঘর খুঁজতে বের হলাম। সহপাঠীরা বললো লন্ডনে অনেকে ঘর ভাড়া দেয় ছাত্র-ছাত্রী অথবা কমবয়সী চাকুরীজীবিকে। যে বাড়িগুলো দোতলা, ওগুলোর নিচের তলায় ছোটো একটা ঘর থাকে। এটাকে বলে গেস্টরুম। একক ভাড়াটে পেলে এই রুমটা কেউ কেউ ভাড়া দিয়ে দেয়।

অনেক চেষ্টায় আমি ঐ রকম একখানা ঘর পেয়ে গেলাম। আমার ঘরটা খুবই ছোটো। একটা বিছানা। পাশে পুরনো একটা টেবিল আর চেয়ার। দেওয়াল ঘেঁষে রয়েছে একটা রঙচটা আলমারি। তবে এর ভিতরটা বাড়িওয়ালার পুরনো জিনিসপত্রে ঠাসা। আমার জিনিসপত্র বিছানা আর টেবিলের তলায় রেখেছি। ভাড়া মাসে পঞ্চাশ পাউন্ড। এই ভাড়ায় এর চেয়ে ভালো ঘর পাওয়ার সম্ভাবনা যেমন নেই তেমনি এর চেয়ে বেশি ভাড়া দেওয়ার সামর্থ্যও আমার নেই। ঘরের ভিতর রান্নার কোনো ব্যবস্থা নেই। বাড়ির রান্নাঘরেও রান্না করতে আমি স্বস্তি পাই না। পাছে তেল-মশলার গন্ধে বাড়িওয়ালার বিরক্ত হন। সকালে সিরিয়াল খেয়ে বের হই। দুপুরে কলেজের ক্যান্টিনে খাই। রাতের খাওয়া-দাওয়াটাও বাইরে সেরে ফেলি। শনি-রবিবারে আমি টেসকোতে কাজ করি। থাকা-খাওয়ার খরচ ওখান থেকে উঠে আসে।

বাড়িওয়ালার এক বৃদ্ধ ইংরেজ, অবসরপ্রাপ্ত কর্ণেল। ওঁর আসল নাম কেউ জানে না। সবাই ওঁকে কর্ণেল ম্যাক বলে ডাকে। কর্ণেল সাহেব বিপত্নীক। এক ছেলে আর এক মেয়ে। ওরা বিয়ে করে অন্য দেশে থাকে। কর্ণেল সাহেব একাই থাকেন। সঙ্গে আছে বৃদ্ধা হাউসকীপার মার্থা আর ছোকরা ড্রাইভার সাইমন। গত তিরিশ বছর ধরে মার্থা এই সংসারে কাজ করে আসছে। সাইমনেরও বছর দশেক হলো এই বাড়িতে। প্রতি বছর ক্রিসমাসের সময় ছেলেমেয়েরা বেড়াতে আসে। কর্ণেলের বাড়িটা তখন যেনো আনন্দে ভরপুর হয়ে ওঠে। নাতি-নাতনীদেব সঙ্গে হেঁটে করেন। রঙ-বেরঙের আলো দিয়ে বাগান সাজিয়ে পার্টি করেন।

দিন কেটে যাচ্ছিলো। রাত জেগে পরীক্ষার জন্য তৈরি হচ্ছিলাম। হঠাৎ কানে ভেসে এলো বেহালায় রবীন্দ্র সঙ্গীতের সুর। চমকে উঠলাম। এ বাড়িতে ... কে বাজাচ্ছে? সিঁড়ি দিয়ে নিঃশব্দে উপরে উঠতে লাগলাম। হঠাৎ মার্থার সঙ্গে মুখোমুখি। জানতে চাইলাম, ব্যাপারটা কী? সে যা বললো তার অর্থ হলো, কর্ণেল ম্যাক যুবক বয়সে এক বাঙালী তরুণীর বেহালা বাজানো শুনে তার প্রতি আকৃষ্ট হন। পরে তাকে বিয়ে করেন। বিয়ের পাঁচ বছরের মাথায় ওঁর স্ত্রী মারা যান। তারপর থেকে একাকী বোধ করলেই কর্ণেল বেহালায় সুর তোলেন। তার স্ত্রীর প্রিয় সুর। কর্ণেল তখনো একটানা বাজিয়ে চলছিলেন সুপরিচিত সেই সুর “... ক্লান্তি আমার ক্ষমা করো ...।”